



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

পরিকল্পনা মন্ত্রণালয়

বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ

সেন্ট্রাল প্রকিউরমেন্ট টেকনিক্যাল ইউনিট (সিপিটিইউ)

সিপিটিইউ ভবন, শেরে বাংলা নগর, ঢাকা- ১২০৭।

www.cptu.gov.bd



নম্বর ২১.০০.০০০০.৩৬৩.২৫.১১০.১৯-৭৯


তারিখঃ ০৫ পৌষ ১৪২৮
২০ ডিসেম্বর ২০২১

বিষয়ঃ খসড়া আদর্শ দরপত্র দলিল, PS7A-এর উপর মতামত প্রদানের অনুরোধ।

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ (পিপিআর ২০০৮) এর বিধি ১০৩-১০৪-এ উল্লিখিত বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা (Intellectual & Professional Services) ক্রয়ের জন্য প্রযোজ্য আদর্শ প্রস্তাব দাখিলের অনুরোধ সংবলিত দলিল (Standard Request for Proposal-SRFP)-সমূহ আর্থিক সীমা, ক্রয় পদ্ধতি এবং ধরণ (অভ্যন্তরীণ/আন্তর্জাতিক) অনুযায়ী সিপিটিইউ কর্তৃক প্রণয়ন করা হয়েছে [সূত্রঃ টেবিল-৩, তফসিল-১, পিপিআর ২০০৮]। এ দলিলগুলো (SRFP) বুদ্ধিবৃত্তিক ও পেশাগত সেবা ক্রয়ের ক্ষেত্রে সাধারণভাবে প্রযোজ্য। তবে লক্ষ্য করা যাচ্ছে যে, সফটওয়্যার এবং তথ্য প্রযুক্তিনির্ভর সেবা (Software and IT Enabled Services) ক্রয়ের বৈশিষ্ট্য, কর্ম-পরিধি এবং চুক্তির শর্তাবলি অনেক ক্ষেত্রে অন্যান্য সেবা ক্রয় হতে ভিন্ন প্রকৃতির। ফলে বিদ্যমান SRFP-সমূহ এ ধরনের (Software and IT Enabled Services) ক্রয়ের ক্ষেত্রে সম্পূর্ণরূপে উপযোগী নয় মর্মে প্রতীয়মান হচ্ছে।

০২। উক্ত পরিপ্রেক্ষিতে, সফটওয়্যার এবং তথ্য প্রযুক্তিনির্ভর সেবা (Software and IT Enabled Services) ক্রয় প্রক্রিয়াকে বাস্তবানুগ করার লক্ষ্যে পিপিআর ২০০৮ এর বিধি ১৩০(১)(গ)-এর সংস্থান অনুযায়ী সিপিটিইউ কর্তৃক একটি খসড়া SRFP (PS7A) প্রণয়ন করা হয়েছে।

০৩। খসড়া PS7A দলিলটি সিপিটিইউ'র ওয়েবসাইটে (www.cptu.gov.bd) আপলোড করা হয়েছে। উক্ত দলিলের উপর কোন মতামত/পরামর্শ থাকলে **আগামী ৩০ ডিসেম্বর ২০২১ তারিখের মধ্যে** সিপিটিইউ'তে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। একইসাথে মতামতের সফটকপি ই-মেইলে (cptudd4@cptu.gov.bd) প্রেরণের জন্যও অনুরোধ জানানো হলো।


20.12.2021

(মোঃ শোহেলের রহমান চৌধুরী)

মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

ফোন: ০২-৪৮১১৯৪০০-০১

Email: cptudg@cptu.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ/ প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়।

২। সিনিয়র সচিব/সচিব

৩। সদস্য (সকল), বাংলাদেশ পরিকল্পনা কমিশন,

৪। চেয়ারম্যান/প্রধান প্রকৌশলী/মহাপরিচালক/সংস্থা প্রধান,

৫। মাননীয় মন্ত্রী/প্রতিমন্ত্রীর একান্ত সচিব, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, আইএমইডি, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা।

৭। অফিস কপি।